

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.lmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০২২.১৭-১৬৩

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৫
১৯ মার্চ ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং- ৭৩৭৮/২০১২ মামলার ১১/১১/২০১৫ তারিখের রায়ের বিরুদ্ধে আপিল দায়েরের হালনাগাদ তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাইজের উপজেলাধীন টেকেরহাট আল-হেরা মহিলা দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ৩১/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকে প্রকাশিত তালিকার ১৬৩ নং ক্রমিকে ছিল। পরবর্তীতে একই মন্ত্রণালয়ের ৩১/৫/২০১০ তারিখের ১৬/৬/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকমূলে এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়। ফলে উক্ত প্রতিষ্ঠানের সুপারিনটেনডেন্ট, জনাব মোঃ কামরুল ইসলাম সাদ্দী কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ দায়ের করা হয়।

২। রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলায় মাননীয় উচ্চ আদালত কর্তৃক ১১/১১/২০১৫ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The impugned letter No. শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯, dated 16.06.2010 (Annexure-D) is hereby declared to have been issued without any lawful authority and in of no lugal effect.


In consequence whereof, the respondent No. 1 Government of Bangladesh represented by its Secretary, Ministry of Education, is directed to include name of the petitioner Madrasha in the MPO list within 30 (thirty) days from the date of receiving copy of this judgment and order for the rest of the period for which the MPO was granted by letter dated 31.05.2010 (Annexure-C). The respondent No. 1 may, if they redeive any application and is satisfied about performance of the petitioner Madrasha consider their prayer for permanent enlistment in MPO"

৩। উল্লিখিত রায়ের নির্দেশনা অনুযায়ী জুন/২০১০ হতে এপ্রিল/২০১৮ পর্যন্ত বর্ণিত প্রতিষ্ঠানে এমপিও সুবিধা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে, বার্থতায় appropriate petition for contempt মর্মে উল্লেখ করে উক্ত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে Notice for contempt প্রেরণ করা হয়েছে।

৪। উল্লেখ্য যে রিট মামলা নং-৭৩৭৮/২০১২ এর রায় বাস্তবায়ন বিষয়ে আইন শাখার মতামত অনুযায়ী উক্ত রায়ের বিরুদ্ধে আপিল দায়েরের নিমিত্ত মাউশি অধিদপ্তরকে নির্দেশনা প্রদানের জন্য ইতোপূর্বে মতামত প্রদান করা হয়েছিল কিন্তু আপিল দায়ের হয়েছে কিনা এ বিষয়ে কোন তথ্য টিএমইডি-এর নথিতে নেই।

৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৭৩৭৮/২০১২ মামলার ১১/১১/২০১৭৫ তারিখের রায়ের বিরুদ্ধে আপিল দায়ের করা হয়েছে কিনা, হয়ে থাকলে আপিল মামলার হালনাগাদ তথ্য, না হয়ে থাকলে আপিল দায়ের না হওয়ার কারণ উল্লেখক্রমে আপিল দায়েরপূর্বক আগামী ২৫/০৩/১৯ তারিখের মধ্যে টিএমইডি-কে জানানোর জন্য মাহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: উকিল নোটিশের ছায়ালিপি-০৪ পাতা।


(মোঃ জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩,

৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬। জনাব মাওলানা মোঃ কামরুল ইসলাম সাদ্দী, সুপার, টেকেরহাট আল হেরা মহিলা দাখিল মাদ্রাসা, উপজেলা- রাইজের, মাদারীপুর।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।